

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ২৬৫৬	তারিখঃ- ২৭/১০/২৩	প্রকল্প নং- ৩	
অ.স:	স.স:	ই.বি.এ:	নি.স:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



জরুরি
সীমিত

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৫২.২১.৮৯৮

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০

০৯ অক্টোবর ২০২৩

বিষয়: কৃষি বিপন্ন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলায় কৃষি বিপন্ন অধিদপ্তরের নির্মাণাধীন অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজের জন্য অর্থ বরাদ্দ।

সূত্র: প্রকল্প পরিচালকের স্মারক নং/৭৮ তারিখঃ-২৬/০৯/২০২৩খিঃ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজের চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য ৩০.০০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকা মাত্র নিম্নোক্ত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলোঃ

ক্রমিক	কোড নং	টাকার পরিমাণ	গণপূর্ত বিভাগের নাম	গণপূর্ত সার্কেলের নাম
১	৪১১১২০১-অনাবাসিক ভবন	৩০.০০ লক্ষ	পাবনা	পাবনা

সূত্রস্থ স্মারকের মাধ্যমে উপ-সচিব ও প্রকল্প পরিচালক, কৃষি বিপন্ন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা কর্তৃক কৃষি বিপন্ন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্পের আওতায় পাবনা জেলায় কৃষি বিপন্ন অধিদপ্তরের নির্মাণাধীন অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজের জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ৩০.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং-১৪৩-১৪৩০৫-২২৪২৯৯৩০০-৪১১১২০১-অনাবাসিক ভবন খাতে ২০২৩-২০২৪ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে ব্যয়/সংকুলান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পালন পূর্বক ব্যয় করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ অনুসরণ করতে হবে।

- ১। প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ পূর্বক অনুমোদিত ডিপিডি অনুযায়ী কাজ সম্পাদন করতে হবে।
- ২। কাজ সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- ৩। বরাদ্দকৃত অর্থ চলতি অর্থ বছরে ব্যয় করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট দাখিল করতে হবে।
- ৪। বরাদ্দকৃত অর্থ খরচের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

৯-১০-২০২৩

মোঃ সাখাওয়াৎ হোসেন

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

নির্বাহী প্রকৌশলী

পাবনা গণপূর্ত বিভাগ, পাবনা

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০৫২.২১.৮৯৮/১(১৪)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০

০৯ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়):

- ১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।